



একই আরক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটঘরিয়া, পাবনা
www.atghoria.pabna.gov.bd



আরক নং ০৫.৪৩.৭৬০৫.০০০.০৭.০০২.২১.৩৯

তারিখ: ০৫ মাঘ ১৪২৮
১৯ জানুয়ারি ২০২২

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আটঘরিয়া উপজেলার নিম্নোক্ত “খ” তফসিল বর্ণিত হাট-বাজারসমূহ শর্ত সাপেক্ষে বাংলা ১৪২৯ সনের ১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা গ্রহণেচ্ছুক ব্যক্তিবর্গের নিকট থেকে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল আগামী ০৮/০২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) (১) জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, (২) সহকারী কমিশনার (ভূমি), আটঘরিয়া, পাবনা, (৩) অফিসার-ইন-চার্জ, আটঘরিয়া থানা, পাবনা, (৪) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, আটঘরিয়া শাখা, পাবনা এবং (৫) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা থেকে ক্রয় করা যাবে।

সকল দরপত্র সীলগালাকৃত খামে আগামী ০৯/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত (১) জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয় (২) পুলিশ সুপার, পাবনা মহোদয়ের কার্যালয় (৩) সহকারী কমিশনার (ভূমি), আটঘরিয়া, পাবনা এবং (৪) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে স্থাপিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং সংশ্লিষ্ট অফিসসমূহ হতে দরপত্র (যদি দাখিল হয়) সংগ্রহ পূর্বক একই দিন অপরাহ্ন ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে। উল্লেখ্য ১ম পর্যায়ের টেন্ডারে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত না হলে অথবা টেন্ডারের সন্তোষজনক দর না পাওয়া পর্যন্ত নিম্নোক্ত “ক” তফসিল বর্ণিত ক্যালেন্ডারে উল্লেখিত তারিখসমূহে পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম পরিচালিত হবে। বিস্তারিত তথ্য ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

“ক” তফসিল

দরপত্র ক্রয়, দাখিল ও খোলার ক্যালেন্ডার

পর্যায়	দরপত্র ক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	০৮/০২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত	০৯/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	০৯/০২/২০২২ খ্রিঃ তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকা
২য় পর্যায়	২৭/০২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত	২৮/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	২৮/০২/২০২২ খ্রিঃ তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকা
৩য় পর্যায়	১৫/০৩/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত	১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকা

“খ” তফসিল

হাট বাজারের তফসিল

ক্রমিক নং	হাট/ বাজারের নাম	সরকারী মূল্য	দরপত্র সিডিউল ক্রয় মূল্য (অফেরতযোগ্য)
০১	খিদিরপুর হাট	২,৯৭,৪২২.০০	১,২০০.০০
০২	চাঁদভা হাট	৪,৩৬,৩৬৭.০০	১,৬০০.০০
০৩	গোকুরী হাট	১৬,৮৪,৫১৭.০০	৪,০০০.০০
০৪	একদন্ত হাট	৫০,৩৮,১৮০.০০	১০,৮০০.০০
০৫	কাজীর হাট	৬,০৭,৬৯৮.০০	২,০০০.০০
০৬	শিবপুর হাট	৪,১৩,১৫৩.০০	১,৬০০.০০
০৭	কৈজুরী হাট	৭৩,৮৮২.০০	৫০০.০০
০৮	লক্ষীপুর হাট	৬,৬৬৪.০০	৫০০.০০

Handwritten signature

১৪২৯ বাংলা সনের হাট বাজার ইজারার শর্তাবলী

- ১। বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ১৪২৯ বাংলা সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
- ২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফশিলী ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর শেষে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপন করা হবে।
- ৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত ভংগ করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মাকসুদা আক্তার মাসু)

উপজেলা নির্বাহী অফিসার

আটঘরিয়া, পাবনা

ফোন: ০২৫৮৮৮৪৯৪০১ (অফিস)


ই-মেইল: unoatghoria@mopa.gov.bd

অনুলিপি বিতরণ: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০২। জেলা প্রশাসক, পাবনা
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা
- ০৪। পুলিশ সুপার, পাবনা
- ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ সার্বিক), পাবনা
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটঘরিয়া, পাবনা
- ০৭। মহিলা ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটঘরিয়া, পাবনা

অনুলিপি: জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলো:

- ০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা
- ০৯। সহকারী কমিশনার (মূল্যায়ণ), স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
- ১০। সহকারী কমিশনার (ভূমি), আটঘরিয়া, পাবনা
- ১১। উপজেলা অফিসার, আটঘরিয়া, পাবনা
- ১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, আটঘরিয়া শাখা, পাবনা
- ১৩। মেয়র, আটঘরিয়া পৌরসভা, আটঘরিয়া, পাবনা
- ১৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), আটঘরিয়া, পাবনা তাঁর এলাকাধীন হাট-বাজারে মাইক, ঢোল-সহরতের মাধ্যমে হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য বলা হলো এবং এ সংক্রান্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিলের জন্য বলা হলো
- ১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মাজপাড়া/ চাঁদভা/ দেবোত্তর/ একদন্ত/ লক্ষীপুর ইউনিয়ন ভূমি অফিস, আটঘরিয়া, পাবনা তাঁর এলাকাধীন হাট-বাজারে মাইক, ঢোল-সহরতের মাধ্যমে হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য বলা হলো এবং এ সংক্রান্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিলের জন্য বলা হলো
- ১৬। জনাব.....আটঘরিয়া, পাবনা
- ১৭। জনাব মোঃ আব্দুল আওয়াল গাজী, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটঘরিয়া, পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি মাইকদ্বারা ব্যাপক প্রচার করার জন্য নির্দেশ দেয়া হলো
- ১৮। অত্রাফিসের নোটিশ বোর্ড


উপজেলা নির্বাহী অফিসার
আটঘরিয়া, পাবনা